গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
শিক্ষা ও কল্যাণ শাখা
www.sunamganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০০০.০১৯.১৩.০০০২.২৬.২৯৬

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বেকার যুবকদের সফল উদ্যোক্তা ও আত্মনির্ভরশীল করার লক্ষ্যে সরকারি ব্যয়ে আয়োজিত সম্পূর্ণ আবাসিক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষনার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

সূত্র: জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর স্মারক নং-১৪৪৭, তারিখ ০২/০৯/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রটি এসাথে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের বিষয়ে ব্যাপক প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২(দুই) পাতা।

১৬-০৯-২০২৬
মোঃ সাব্বির হোসেন শাওন
সহকারী কমিশনার
ফোন : ০২৯৯৮৮৪২৯২৫
ইমেইল : acedusunam@gmail.com

বিতরণ :

১। উপজেলা নির্বাহী অফিসার(সকল).............সুনামগঞ্জ।
২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ।
৩। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ।
৪। নোটিশ বোর্ড।

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০০০.০১৯.১৩.০০০২.২৬.২৯৬/১ (২)

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

১। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ( জেলা ওয়েব পোর্টলে প্রচারের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
www.niyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.২৬৩.২৪- ১৪৪৭

তারিখ: ১৮ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : বেকার যুবকদের সফল উদ্যোক্তা ও আত্মনির্ভরশীল করার লক্ষ্যে সরকারি ব্যয়ে আয়োজিত সম্পূর্ণ আবাসিক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত একটি প্রতিষ্ঠান। দেশের বেকার জনগোষ্ঠিকে কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানে সম্পৃক্ত করে সরকারের বেকারত্ব দূরীকরণ এজেন্ডা বাস্তবায়ন এবং দেশের অর্থনৈতিক উন্নয়ন অর্জন এর মূল লক্ষ্য। এ প্রেক্ষিতে আগামী ০৭ অক্টোবর, ২০২৬ খ্রি. তারিখ হতে ০৩ (তিন) মাস মেয়াদি ০৪টি প্রশিক্ষণ কোর্স (১) Japanese Language (01st Batch) (২) Bakery and Pastry Production (04th Batch) (৩) Quality Control Management for RMG (03rd Batch) এবং (৪) Apparel Merchandising (04th Batch); ০২ (দুই) মাস মেয়াদি ০২টি প্রশিক্ষণ কোর্স (১) Digital Marketing (19th Batch) এবং (২) Graphics Design and Multimedia (32nd Batch) শুরু হতে যাচ্ছে। বর্ণিত কোর্সগুলোর প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে বিধি মোতাবেক নির্বাহ করা হবে।

এমতাবস্থায়, বেকার যুব জনগোষ্ঠিকে সফল উদ্যোক্তা ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আয়োজিত কোর্সগুলোতে ভর্তির বিজ্ঞপ্তি আপনার দপ্তর ও দপ্তর সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানসমূহ (বিশেষ করে বেকার জনগোষ্ঠি ও ছাত্র ছাত্রী সংশ্লিষ্ট) এবং সকল অংশীজনের মাঝে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণের মাধ্যমে সরকারের লক্ষ্য অর্জন এবং বেকারত্ব দূরীকরণের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে সহযোগিতা করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (০১টি বিজ্ঞপ্তি)।

খোন্দকার আনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

জনাব ....জেলা প্রশাসক (সকল)....
..........................................।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.২৬৩.২৪-

তারিখ: ১৮ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০২। যুগ্মসচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। অফিস কপি।

মোঃ মনোয়ার হোসেন
রেজিস্ট্রার (যুগ্মসচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

# প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ০৭ অক্টোবর, ২০২৬ তারিখ হতে নিম্নবর্ণিত ০৩ মাস ও ০২ মাস মেয়াদি ০৬টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

| নং | কোর্সের নাম | মেয়াদ | আবেদন ফি | ভর্তি ফি (ভর্তির সময়) | জামানত ফি (ভর্তির সময়) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | Japanese Language (01st Batch) | ০৩ (তিন) মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ১০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/ সমমান পাস |
| ০২ | Bakery and Pastry Production (04th Batch) | ০৩ (তিন) মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ১০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/ সমমান পাস |
| ০৩ | Quality Control Management for RMG (03rd Batch) | ০৩ (তিন) মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ১০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/ সমমান পাস |
| ০৪ | Apparel Merchandising (04th Batch) | ০৩ (তিন) মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ১০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/ সমমান পাস |
| ০৫ | Digital Marketing (19th Batch) | ০২ (দুই) মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ৭০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/ সমমান পাস |
| ০৬ | Graphics Design and Multimedia (32nd Batch) | ০২ (দুই) মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ৭০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/ সমমান পাস |

কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে।

০২। ছকে উল্লিখিত শর্তানুযায়ী সমগ্র বাংলাদেশের ১৮ থেকে ৩৫ বছর বয়সি আগ্রহী যুব ও যুবনারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে https://admission.univadmin.info লিংকে প্রবেশ করে আবেদন ফি বাবদ (১০০/- + চার্জ) জমা পূর্বক আবেদন ফর্ম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

অনলাইনে আবেদনের ফরম পূরণের **জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস (সফট কপি):**

(১) শিক্ষাগত যোগ্যতার সনদ;
(২) এনআইডি;
(৩) পাসপোর্ট সাইজের ছবি;

০৩। ইতোপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় যে সকল যুব/যুবনারী কোনো কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন নিরুৎসাহিত করা হচ্ছে। বর্তমানে যে সকল যুব ও যুবনারী বেকার কোন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত নয়/ ইতোপূর্বে কোন প্রশিক্ষণ গ্রহণ করেননি ও প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক এরূপ নতুন প্রার্থীগণকে আবশ্যিকভাবে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ০১ অক্টোবর, ২০২৬ তারিখ বৃহস্পতিবার জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ওয়েবসাইট www.niyd.gov.bd এ প্রকাশ করা হবে।

০৫। উপর্যুক্ত বিষয়ে যে কোন ধরণের পরিবর্তন, পরিমার্জন, সংশোধন, সংযোজন ও বিয়োজন এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২২/৭/২১

মোঃ মনোয়ার হোসেন
রেজিস্ট্রার (যুগ্মসচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।